# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা বিষয় কোড : ১৫৩

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**১.▶** মেধাবী ছাত্র মনির ইতিহাসের জনক হেরোডোটাসের জীবনী সম্পর্কে পড়ছিল। এ মনীষীর ইতিহাস সম্পর্কিত ধারণা তাকে বর্তমান ইতিহাস শাস্ত্র সম্পর্কে জানতে উৎসাহিত করে। অতঃপর সে নানা ঐতিহাসিকদের ধারণা সম্পর্কে পড়াশোনা করে। পরবর্তীতে মনির এ বিষয়ে জ্ঞানের অনুসন্ধান করতে থাকে এবং উপলব্ধি করে ইতিহাস শাস্ত্রের প্রয়োজনীয়তা।

ক. উৎপত্তিগতভাবে 'ইতিহাস' শব্দের অর্থ কী? ১

খ. হেরোডোটাস কেন "Historia" শব্দটি ব্যবহার করেন? ২

গ. ঐতিহাসিকদের ধারণা থেকে মনির ইতিহাস সম্পর্কে কী জানবে? বর্ণনা কর। ৩

ঘ. মনিরের উপলব্ধিটির গ্রহণযোগ্যতা নিরূপণ কর। ৪

**২.▶** পাল যুগের বেশিরভাগ সময় দক্ষিণ-পূর্ব বাংলা স্বাধীন ছিল। ৮ম শতকের মাঝামাঝি থেকে এ অঞ্চলে বেশ কিছু স্বাধীন রাজবংশ দেখা যায়। যেমন — দেববংশ। আবার পাল রাজাদের শেষ সময়ে তাদের দুর্বলতার সুযোগে একাদশ শতকে এ অঞ্চলের রাজক্ষমতা বর্ম বংশ দখল করে।

ক. বখতিয়ার খলজির আক্রমণে রাজা লক্ষ্মণ সেন কোথায় আশ্রয় গ্রহণ করেন? ১

খ. পাল যুগের সামরিক ব্যবস্থা সম্পর্কে লেখ। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ১১ শতকে প্রতিষ্ঠিত রাজবংশটির বর্ণনা দাও। ৩

ঘ. তুমি কি মনে কর উদ্দীপকে উল্লিখিত অষ্টম শতকে প্রতিষ্ঠিত রাজবংশটির আবির্ভাব ঘটে পাল রাজশক্তির দুর্বলতার কারণে — মতামত দাও। ৪

**৩.▶** মি. নাছিম হোসেন ঢাকার একজন বড় ব্যবসায়ী। তিনি বিশ্বের বিভিন্ন দেশ থেকে রেশমি সুতা, ঝাড়বাতি, গালিচা, স্বর্ণ, রৌপ্য, হীরার গহনা বাংলাদেশে আনেন। হুন্ডির মাধ্যমে তিনি এ সকল পণ্যের দাম পরিশোধ করতেন।

ক. মধ্যযুগে বাংলায় পাঠশালায় শিক্ষাগ্রহণ করতে হতো কত বছর পর্যন্ত? ১

Teachingbd.com

http://teachingbd.com

খ. মধ্যযুগের বাংলার মুসলমানদের চিত্তবিনোদনের ব্যবস্থা কেমন ছিল? ২

গ. উদ্দীপকে মধ্যযুগের বৈদেশিক ব্যবসা-বাণিজ্যের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে মধ্যযুগের বৈদেশিক বাণিজ্যের উল্লেখযোগ্য দিকটি উল্লেখ করা হয় নাই — বক্তব্যটি বিশ্লেষণ কর। ৪

**৪.▶** ফরিদ ৩,০০,০০০ টাকার বিনিময়ে তিনটি দোকানের স্বত্বাধিকারী হয়। বিশাখা মার্কেটে অবস্থিত এর একটি দোকানকে কেন্দ্র করে পরবর্তীকালে বিশাখা ফিউচার সিটি গড়ে ওঠে। বর্তমানে এটি একটি শক্তিশালী বাণিজ্যিক কেন্দ্র।

ক. পর্তুগিজদের বাংলা হতে বিতাড়ন কে করেছিল? ১

খ. পর্তুগিজরা এদেশ ত্যাগে বাধ্য হয়েছিল কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকটি ইস্ট ইন্ডিয়া কোম্পানি আমলের কোন ঘটনার সাথে সংগতিপূর্ণ? বর্ণনা কর। ৩

ঘ. 'উক্ত ঘটনা ইংরেজদের অর্থনৈতিক ও রাজনৈতিক স্বার্থ রক্ষায় ব্যাপক ভূমিকা রেখেছিল' — যথার্থতা বিশ্লেষণ কর। ৪

**৫.▶** নতুন একটি টেলিভিশন চ্যানেলে ধারাবাহিকভাবে বাংলার বিখ্যাত ঐতিহাসিক নাটকগুলো প্রচারিত হচ্ছে। এমন একটি নাটকে সাথী দেখছিল সাধারণ চাষিদের ওপর নীলকরদের অত্যাচার। পরবর্তীতে এ ঘটনার প্রেক্ষিতে ফুঁসে ওঠা আন্দোলনের পরিসমাপ্তিতে নাটকের যবনিকাপাত হয়।

Teachingbd.com

ক. নীল বিদ্রোহ কী? ১

খ. বাংলায় কেন নীল বিদ্রোহ সংঘটিত হয়? ২

গ. সাথীর দেখা নাটকে অত্যাচারের চিত্র নিজের ভাষায় বর্ণনা কর। ৩

ঘ. 'নাটকে প্রদর্শিত বিদ্রোহ ছিল ভারতবর্ষে একটি সফল গণবিদ্রোহ' — উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৬.▶** বিট্রিশ শাসনামলে ভারতীয়রা কীভাবে শোষিত হয়েছিল তা রফিক তার নানার কাছে জানতে চায়। নানা আসলাম সাহেব ছিলেন পাকিস্তান উত্তর তরুণ ছাত্রনেতা। তিনি নাতিকে বললেন, মুসলমানরা শোষিত হলেও তাদের অগ্রযাত্রাও ছিল উল্লেখ করার মতো। এরপর তিনি রফিকের কাছে ১৯৩৭ সালে বাংলার মুসলমানদের পুনর্জাগরণ এবং মুসলিম লীগকে শক্তিশালী করতে জিন্নাহর অদম্য সাহসিকতা তুলে ধরেন।

http://teachingbd.com

ক. কৃষক প্রজা পার্টির পূর্ব নাম কী ছিল? ১

খ. ১৯৩৬ সালে বাংলার মুসলমানদের মধ্যে নতুন করে মনোবল সঞ্চারের কারণ কী ছিল? ২

গ. নির্জীব মুসলিম লীগকে ১৯৩৭ সালের নির্বাচনের উপযোগী করে গড়ে তুলতে নানার বর্ণিত অদম্য সাহসী নেতার ভূমিকা ব্যাখ্যা কর। ৩

ঘ. নানার বর্ণিত স্বর্ণযুগ আলোচনা কর। ৪

৭. ▶ "কুমড়ো ফুলে ফুলে নুয়ে পড়েছে লতাটা —
মাগো ওরা বলে সবার কথা কেড়ে নেবে।"

ক. আওয়ামী মুসলিম লীগের প্রতিষ্ঠাকালীন সভাপতি কে ছিলেন? ১

খ. পাকিস্তান রাষ্ট্র সৃষ্টির সময় পূর্ব বাংলার রাজনৈতিক ধারা ছিল কয়টি ও কী কী? ২

গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত আন্দোলনের চূড়ান্ত পর্যায় ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত আন্দোলনের ফলে বাঙালির মাঝে বাঙালি জাতীয়তাবাদের বীজ বপিত হয় — বিশ্লেষণ কর। ৪

৮. ▶ পরাজয় আসন্ন দেখে মুক্তিযুদ্ধের সময় পশ্চিম পাকিস্তানিরা নানা কূটকৌশলের আশ্রয় নেয়। তারা ভারতের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে একে আন্তর্জাতিক রূপ দেওয়ার চেষ্টা করে। এছাড়া যুদ্ধের শেষ পর্যায়ে বাংলাদেশকে সম্পূর্ণ পঙ্গু করে দেওয়ার জন্য তারা ন্যাক্কারজনকভাবে আমাদের বুদ্ধিজীবীদের হত্যা করে।

ক. মুক্তিযুদ্ধ চলাকালীন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য কে ছিলেন? ১

খ. ১৯৭১ সালে পাকিস্তান ভারতের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে কেন? ২

গ. বাংলাদেশের মুক্তিযুদ্ধে উদ্দীপকে উল্লেখিত ন্যাক্কারজনক হত্যাকাণ্ডের শিকার ব্যক্তিদের ভূমিকা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে স্বাধীন সার্বভৌম বাংলাদেশ সৃষ্টির পটভূমি বিশ্লেষণ কর। ৪

৯. ▶ শ্রেণিকক্ষে রিতা ম্যাডাম শিক্ষার্থীদেরকে ভারত ও পাকিস্তানের কোন কোন অঞ্চলে সিন্ধু সভ্যতার নিদর্শন পাওয়া গেছে তার আলাদা তালিকা প্রস্তুত করতে বললে শোভা কাজটি করে জমা দেয়।

ক. কে প্রথম সমস্ত রোমান আইনের সংগ্রহ ও সংকলন প্রকাশ করেন? ১

খ. সিন্ধু সভ্যতায় আবিষ্কৃত সীলগুলো কেমন ছিল? ২

গ. শোভার তৈরিকৃত ছকের অনুরূপ একটি ছক তৈরি কর। ৩

ঘ. উক্ত সভ্যতার অর্থনৈতিক অবস্থা বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

# বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট　　　　পূর্ণমান — ৪০　　　　বিষয় কোড : ১ ৫ ৩

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. ইতিহাস বলতে কী বোঝায়—
ক আদিম মানুষের জীবনযাত্রা
খ মানব সমাজের অগ্রগতির ধারা
গ মানব সমাজের অতীত ঘটনাবলি
ঘ মানব সমাজে নিরন্তর বয়ে যাওয়া ঘটনাপ্রবাহ

২. র‍্যাপসনের সংজ্ঞা অনুযায়ী ইতিহাস হলো—
i. ঘটনার বৈজ্ঞানিক বর্ণনা
ii. ঘটনার ধারাবাহিক বর্ণনা
iii. ঘটনার বর্ণনা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

৩. পাল বংশের প্রতিষ্ঠাতা কে?
ক ধর্মপাল　খ রামপাল　গ গোপাল　ঘ দেবপাল

৪. প্রথম বাঙালি মুসলমান কবি কে?
ক শাহ মুহম্মদ সগীর　খ হাফিজ
গ নূর কুতুব-উল-আলম
ঘ গিয়াসউদ্দিন আযম শাহ

৫. মধ্যযুগে হিন্দু সমাজে কোনটির প্রচলন ছিল?
ক সতীদাহ প্রথা　খ বহুবিবাহ প্রথা
গ বিধবা বিবাহ প্রথা　ঘ সতী নারী প্রথা

৬. সিরাজউদ্দৌলা কত বছর বয়সে নবাবের ক্ষমতা গ্রহণ করেন?
ক ২০ বছর　খ ২২ বছর
গ ২১ বছর　ঘ ২৩ বছর



৭. উল্লিখিত মানচিত্রটির প্রথম রূপকার হলেন—
ক শিব নারায়ণ দাস　খ আসম আব্দুর রব
গ কামরুল হাসান　ঘ জহুরুল হক

৮. উল্লিখিত মানচিত্রটি আমাদের মুক্তিযুদ্ধকে করেছে—
i. সংগঠিত
ii. একত্রিত　iii. ঐক্যবদ্ধ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

৯. রেনেসাঁ শব্দের অর্থ কী?
ক নব জাগরণ　খ পুনর্জন্ম
গ নতুন আশা　ঘ স্বপ্ন দেখা

১০. বিধবা বিবাহ আইন পাস হয় কত সালে?
ক ১৮৫৫ খ্রি.　খ ১৮৫৬ খ্রি.
গ ১৮৫৭ খ্রি.　ঘ ১৮৫৮ খ্রি.

নিচের উদ্দীপকটি পড়ে ১১, ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও:
সুন্দরবনে মৌয়ালরা সম্মিলিতভাবে একটি গোষ্ঠী তৈরি করে। নিজেদের নিরাপত্তার জন্য তারা বিভিন্ন ধরনের অস্ত্র সাথে রাখত। মাঝে মধ্যে লোকালয়ে নাচ-গানের আয়োজন করত। কিন্তু প্রশাসন তাদের অস্ত্র রাখা, অবৈধ ঘোষণা করলে উক্ত গোষ্ঠী নিজেদের স্বার্থ রক্ষার্থে প্রশানের বিরুদ্ধে এক সংঘর্ষে লিপ্ত হয়।

১১. উদ্দীপকের ঘটনা ব্রিটিশ শাসনামলের ঐতিহাসিক কোন ঘটনা মনে করিয়ে দেয়?
ক তিতুমীরের সংগ্রাম
খ ফরায়েজী আন্দোলন
গ ফকির সন্ন্যাসী আন্দোলন
ঘ নীল বিদ্রোহ

১২. উক্ত আন্দোলনের সদস্যদের উপর তৎকালীন সরকার ধার্য করেছিলেন নিচের কোনটি?
ক কর　খ চিরস্থায়ী বন্দোবস্ত
গ খাজনা　ঘ গৃহ মাসুল

১৩. আলোচ্য মৌয়াল দ্বারা প্রকাশিত ব্যক্তিদের কাজ ছিল—
i. ভিক্ষা বৃত্তি　ii. ঘুরে বেড়ানো
iii. মুষ্টি সংগ্রহ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

১৪. 'এনফিল্ড' কি?
ক তলোয়ার　খ পিস্তল
গ রাইফেল　ঘ রড




১৫. চিত্রটি কোন সভ্যতার?
ক মিশরীয়　খ সিন্ধু　গ গ্রিক　ঘ রোমান

১৬. চিত্রটির পশ্চিমাংশে অবস্থিত '?' স্থানটি কি নামে পরিচিত?
ক এট্রুস্কান　খ টাইবার
গ ইজিয়ান　ঘ আড্রিয়াটিক

১৭. চিত্রে প্রদর্শিত সভ্যতার ক্ষেত্রে বলা যায়—
i. খ্রি. পূর্ব ৭৫৩ অব্দে সূত্রপাত হয়েছিল
ii. গাণিতিক পিথাগোরাস ছিলেন এ সভ্যতার মানুষ
iii. ধর্ম মন্দির প্যানথিয়ন এ সভ্যতার নির্দর্শন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii ও iii　গ i ও iii　ঘ i, ii ও iii

১৮. ১৯০৫ সালে বাংলাকে কে ভাগ করেন?
ক লর্ড কার্জন　খ লর্ড কর্নওয়ালিশ
গ লর্ড রীডিং　ঘ লর্ড মাউন্ট ব্যাটেন

১৯. ছয় দফার মূল লক্ষ্য ছিল—
i. বাঙালি মুসলমানদের অধিকার আদায়
ii. বাঙালি অর্থনৈতিক মুক্তি
iii. স্বতন্ত্র রাজনৈতিক সত্তা হিসেবে প্রতিষ্ঠা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

Teachingbd.com

**উদ্দীপকটি পড় এবং ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও:**
সচেতন ও ধর্মীয় সুশিক্ষিত লোকের অভাবে রসুলপুর গ্রামের লোকজন নানা রকম কুসংস্কার ও অনৈসলামিক রীতিনীতিতে অভ্যস্ত হয়। কুসংস্কারাচ্ছন্ন এ অঞ্চলের মানুষদের সঠিক পথের সন্ধান দিতে এগিয়ে আসেন আবদুল্লাহ নামক একজন সচেতন ব্যক্তি।


**২০. কোন ব্যক্তির জীবনের শিক্ষা কাজে লাগিয়ে আবদুল্লাহ কুসংস্কারাচ্ছন্ন সমাজ গঠনে এগিয়ে আসেন?**
ⓚ হাজী শরীয়তুল্লাহ ⓚ দুদু মিয়া
ⓖ তিতুমীর ⓖ গোলাম রসুল

**২১. উক্ত ব্যক্তির আন্দোলনের ধরন ছিল—**
i. সামাজিক ii. ধর্মীয়
iii. রাজনৈতিক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২২. মিশরের অর্থনীতি কীসের উপর নির্ভরশীল ছিল?**
ক শিল্প খ কৃষি
গ ব্যবসা ঘ পশুপালন

**২৩. জাহিদ তার স্কুল থেকে বাৎসরিক শিক্ষা সফরে উত্তরবঙ্গে গিয়ে মহাস্থানগড়, পাহাড়পুর ও ময়নামতি ঘুরে এলেন। জাহিদের দেখা স্থানগুলো ইতিহাসের কোন ধরনের উপাদান?**
ক লিখিত খ অলিখিত
গ সাহিত্যিক ঘ ভৌগোলিক

**২৪. চার্টের '?' চিহ্নিত স্থানে কোনটি বসবে?**




ক লিখিত উপাদান খ অলিখিত উপাদান
গ প্রাচনি সাহিত্যিক উপাদান
ঘ প্রত্নতাত্ত্বিক উপাদান

**অনুচ্ছেদটি পড় এবং ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও:**
সাহেদ তার চাচার সাথে লালবাগের কেল্লা দেখতে যায়। সেখানে তারা মুঘল সম্রাটদের পোশাক, অস্ত্র, মুদ্রা, নথিপত্র, সাহিত্য, জীবনী ইত্যাদি দেখতে পায়।

**২৬. সাহেদের দেখা মুদ্রা ইতিহাসের কোন ধরনের উপাদান?**
ক জাতীয় খ লিখিত গ অলিখিত ঘ ব্যক্তিগত

**২৭. সাহেদের দেখা কোন উপাদান মহাফেজখানায় সংরক্ষণ করা হয়?**
ক মুদ্রা ও জীবনী খ পোশাক ও অস্ত্র
গ নথিপত্র ঘ অস্ত্র ও মুদ্রা

**২৮. শিল্পী ও সীমা বাংলায় মুসলিম শাসক নিয়ে আলোচনাকালে শিল্পী বলল যে, বখতিয়ার খলজি মাত্র ১২ জন সৈন্য নিয়ে সেন রাজাকে পরাজিত করে নদিয়া জয় করে। সীমা পরাজিত শাসক হিসেবে কার নাম জানতে পারল?**
ক হেমন্ত সেন খ কেশব সেন
গ লক্ষ্মণ সেন ঘ বিশ্বরূপ সেন

**২৯. মুক্তিযুদ্ধে লক্ষ লক্ষ নাম না জানা শহীদদের অমর স্মৃতির উদ্দেশে কি নির্মিত হয়েছে—**
ক শহীদ মিনার খ মুজিবনগর স্মৃতিসৌধ
গ জাতীয় স্মৃতিসৌধ ঘ শিখা চিরন্তন

**৩০. জাতীয় স্মৃতিসৌধ বাঙালির—**
i. অহংকারের প্রতীক
ii. গৌরবের প্রতীক iii. মর্যাদার প্রতীক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

সাকিব প্রথম আলো পত্রিকায় 'চলে গেলেন বাংলাদেশের অকৃত্রিম বন্ধু' এই শিরোনামের প্রতিবেদনটি পড়ে জানতে পারেন যে, ১২ – ১২ – ১২ তারিখে পণ্ডিত রবি শংকর পৃথিবী ছেড়ে চলে যান। তিনি ও তার প্রিয় বন্ধু লাখ লাখ নিপীড়িত মানুষের আর্থিক সহায়তা দেওয়ার জন্য দু'জনে উদ্যোগে যুক্তরাষ্ট্রের ম্যাডিসন স্কোয়ার গার্ডেনে আয়োজন করে 'কনসার্ট ফর বাংলাদেশ।'

**৩১. অনুচ্ছেদে প্রিয় বন্ধু বলে কাকে বোঝানো হয়েছে?**
ক বব ডিলান খ এরিক ক্লিপটন
গ রিংগো স্টার ঘ জর্জ হ্যারিসন

**৩২. 'কনসার্ট ফর বাংলাদেশের' মূল উদ্দেশ্য ছিল—**
i. মুক্তিযুদ্ধকে বিশ্বের কাছে জানানো
ii. মুক্তিযোদ্ধাদের জন্য আর্থিক সাহায্য
iii. বাংলাদেশকে পরিচিত করানো
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৩৩. মুক্তিযুদ্ধে ভারত আমাদের নানাভাবে সাহায্য করেছিল তার বড় প্রমাণ কোনটি?**
ক যৌথ কমান্ড গঠন
খ পাক বাহিনীর সমর্থন
গ পাকিস্তান বাহিনীকে আশ্রয় দান
ঘ পাকিস্তানে অস্ত্র প্রেরণ

**৩৪. শামীম বললেন যে, বাংলাদেশের ইতিহাসে একটি স্থান স্মরণীয় হয়ে আছে, যেখানে পাকিস্তানি বাহিনী ৯৩ হাজার সৈন্য নিয়ে আত্মসমর্পন করে। শামীম কোন স্থানটির কথা বলেন?**
ক রমনা পার্ক খ রেসকোর্স ময়দান
গ ভিক্টোরিয়া পার্ক ঘ ম্যাডিসন স্কোয়ার

**৩৫. সংবিধান অনুযায়ী বাংলাদেশের নাম কী?**
ক সমাজতান্ত্রিক বাংলা খ ধনতন্ত্রী বাংলাদেশ
গ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ ঘ রাজতান্ত্রিক বাংলা

**৩৬. বাংলাদেশের স্বাধীনতা অর্জনের ধাপ হলো—**
i. ৭ মার্চের স্বাধীনতার ডাক
ii. ২৬ মার্চের স্বাধীনতার ঘোষণা
iii. ১৬ ডিসেম্বরের বিজয় অর্জন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৩৭. কোন বিশ্ববিদ্যালয়ে বসে সর্বপ্রথম জাতীয় পতাকা তৈরি করা হয়?**
ক ঢাকা খ রাজশাহী
গ খুলনা ঘ চট্টগ্রাম

**৩৮. মাঝখানে লালবৃত্ত এবং চারপাশে সবুজে সমৃদ্ধ বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইন করেন কে?**
ক কামরুল হাসান খ বিশ্বজিৎ ঘোষ
গ শিব নারায়ণ দাস ঘ আ.স.ম. আব্দুর রব

**৩৯. ১৯৬৯ সালের গণ-অভ্যুত্থানে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন কে?**
ক সৈয়দ নজরুল ইসলাম খ এম মনসুর আলী
গ সার্জেন্ট জহুরুল হক ঘ তাজউদ্দীন আহমদ

**৪০. মুজিবনগর সরকারের প্রধানমন্ত্রী কে ছিলেন?**
ক তাজউদ্দীন আহম্মেদ খ কামরুল হাসান
গ নজরুল ইসলাম ঘ শেখ মুজিবুর রহমান

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ক | ৩ | গ | ৪ | ক | ৫ | ক | ৬ | খ | ৭ | ক | ৮ | ঘ | ৯ | ক | ১০ | খ | ১১ | গ | ১২ | ক | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | ঘ | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | ক |
| | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | ঘ | ৩১ | ঘ | ৩২ | ক | ৩৩ | ক | ৩৪ | খ | ৩৫ | গ | ৩৬ | ঘ | ৩৭ | ক | ৩৮ | ক | ৩৯ | গ | ৪০ | ক |

http://teachingbd.com